

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,
লালমনিরহাট।
(এনজিও শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নং--০৫.৪৭.৫২০০.০১৭.০১.০০২.১৫-২১৬(৫৫)


তারিখ: ২২ ভাদ্র ১৪২৩ বঙ্গাব্দ
০৬ সেপ্টেম্বর ২০১৬ খ্রি:

বিষয় : আগামী ১৮ /৯/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য জেলা এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভায় অংশ গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "জেলা এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভা আগামী ১৮ /৯ /২০১৬ খ্রিঃ বিকাল ১২.০০ টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রাপক : -----

লালমনিরহাট।


(মো: নাহিদ হাসান)
সহকারী কমিশনার
এনজিও শাখা
জেলা প্রশাসকের কার্যালয়
লালমনিরহাট।
ফোন নং-০১৭২৩৩৮৮৪২১
acngolalmonirhat@gmail.com




স্মারক নং--০৫.৪৭.৫২০০.০১৭.০১.০০২.১৫- (৫৫)/১(০৪)

তারিখ: ভাদ্র ১৪২৩ বঙ্গাব্দ
সেপ্টেম্বর ২০১৬

খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

- ০১। নেজারত ডেপুটি কালেক্টর, লালমনিরহাট।
- ০২। জেলা তথ্য অফিসার, লালমনিরহাট। তাঁকে উক্ত তারিখে যথাসময়ে মাইক সেট সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ০৩। সিএটু-ডিসি, লালমনিরহাট। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৪। সি.এ-টু-এ.ডি. সি. (সাঃ), লালমনিরহাট। অতিরিক্ত জেলা প্রশাসক (সাঃ), লালমনিরহাট মহোদয়ের সদয় অবগতির জন্য।


(মো: নাহিদ হাসান)
সহকারী কমিশনার
এনজিও শাখা
জেলা প্রশাসকের কার্যালয়
লালমনিরহাট।
ফোন নং- ০১৭২৩৩৮৮৪২১
acngolalmonirhat@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
লালমনিরহাট
(এনজিও বিষয়ক শাখা)
www.lalmonirhat.gov.bd

বিষয় : আগস্ট/২০১৬ মাসের এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: হাবিবুর রহমান
জেলা প্রশাসক
লালমনিরহাট।

তারিখ : ২২/৮/২০১৬ খ্রিঃ। সময় : বিকাল ৩.০০ ঘটিকা।

উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো (স্বাক্ষরের ক্রমানুসারে)।

সভাপতি সভায় উপস্থিত কর্মকর্তা ও বিভিন্ন এনজিও প্রতিনিধিগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভায় জানান, যে সমস্ত এনজিও এফ ডি -৬ অনুমোদন প্রাপ্ত সে সকল এনজিও প্রধানকে এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভায় উপস্থিত থাকতে হবে এবং প্রতি মাসের ৭ (সাত) তারিখের মধ্যে এনজিও পোর্টাল এ (acngolalmonirhat@gmail.com) প্রতিবেদন দিতে হবে। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার (এনজিও শাখা) গত ২৫/৭/২০১৬ খ্রিঃ অনুষ্ঠিত এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয় এবং উপস্থিত বিভিন্ন এনজিও'র কার্যক্রম সম্পর্কে আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :-

ক্র. নং	এনজিও এর নাম	কার্যক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	ব্র্যাক লালমনিরহাট	প্রতিনিধি ব্র্যাক সভায় জানান, এ মাসে লালমনিরহাট জেলায় ২০টি শাখার মাধ্যমে ৩,৪২৭ জনকে ঋণ প্রদান করা হয়েছে। যে সকল শিশু ব্র্যাক স্কুলে অধ্যয়নরত সে সকল শিশুর অভিভাবকদের নিয়ে এ মাসে ১৬০ টি অভিভাবক সভা করা হয়েছে। বিলুপ্ত ছিট মহল অধিবাসীদের জীবনমান উন্নয়ন ও ক্ষমতায়নের জন্য ব্র্যাক এডিপি এ মাসে ১০৮ টি ল্যাট্রিন বিতরণ করেছে। মা ও শিশুর স্বাস্থ্য উন্নয়নের জন্য ১৮০৫ জন গর্ভবতীকে চিহ্নিত করা হয়েছে এবং ২৬৮৬ জনকে ডেলিভেরি স্বাস্থ্য সেবা দেয়া হয়েছে। এমাসে ৮৩৯ জন বর্গাচাষীকে ১,৭৬,৮০,০০০/- (এক কোটি ছিয়াত্তর লক্ষ আশি হাজার) টাকা ঋণ প্রদান করা হয়েছে। বাল্য বিবাহ রোধ করা হয়েছে ১টি, চিকিৎসা সহায়তা দেয়া হয়েছে ১ জনকে এবং আইনী সহায়তা প্রদান করা হয়েছে ৫ জনকে। জুলাই/২০১৬ মাসে কৃষকদের মাঝে ১,৪১,০০০/- টাকা অনুদান বিতরণ করা হয়েছে।	বাল্য বিবাহ রোধ, আইনী সহায়তা ও আর্থিক সহায়তা কার্যক্রম অব্যাহত রাখার পরামর্শ দেয়া হলো।	জেলা প্রতিনিধি ব্র্যাক।
০২	নজীর লালমনিরহাট	নির্বাহী পরিচালক, নজীর জানান, ঝরে পড়া ছেলে-মেয়েদের ১৪টি প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্রে মোট ৪৩৪ জন ছাত্র ছাত্রীদের প্রাক-প্রাথমিক শিক্ষাদান কর্মসূচি অব্যাহত রয়েছে। ২০ জন প্রতিবন্ধীকে খেরাপী সেন্টারে খেরাপী প্রদান চলমান রয়েছে। আমন মৌসুমে ব্রি ৬২ এবং ব্রি ধান ৭২, ১২৫০ জন কৃষকের মাঝে প্রত্যেককে ৩ কেজি করে মোট ৩৭৫০ কেজি নীজ বিতরণ করা হয়েছে। চলতি মাসে দলীয় সঞ্চয় আদায় ৮,২৮,৯২৯/- টাকা, কিস্তি আদায় ৪৬,০৭,১৫৪/- ও ১৪৬ জন মহিলা ও ৫ জন পুরুষ সুবিধাভোগীকে মোট ৩০,০১,০০০/- (ত্রিশ লক্ষ এক হাজার) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ২৩০ জন সদস্যের সঞ্চয়কৃত ২,৪৪,০৩০/- টাকা ফেরত দেয়া হয়েছে।	১। স্কুলে প্রেরণযোগ্য সকল শিশুকে স্কুলে পাঠানো নিশ্চিত করতে হবে। ২। প্রতিবন্ধীদের সহযোগিতা প্রদান অব্যাহত রাখতে হবে।	নির্বাহী পরিচালক, নজীর

